

## সংবাদ বিবৃতি

### ধর্ষণের অভিযোগকারী তরুণীকে হাসপাতাল চত্বর থেকে অপহরণ এবং ফিরে এসে অভিযোগ অস্বীকার

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র গভীর উদ্বেগ এবং নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে ন্যায়বিচার ও জবাবদিহিতা নিশ্চিত করার জোর দাবি

[ঢাকা, ২৯ জানুয়ারি ২০২৪] খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের ওসিসির (ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার) সামনে থেকে ধর্ষণের অভিযোগ করা এক তরুণী ও তাঁর মাকে জনসম্মুখে একটি মাইক্রোবাসে তুলে নিয়ে যাওয়া হয় বলে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। এ সময় তরুণীকে সহায়তা প্রদানকারী একটি বেসরকারি সংগঠনের কর্মীদের ওপরও হামলা করা হয়। তুলে নেওয়ার প্রায় ৬ ঘণ্টা পর সেই মাইক্রোবাসে করেই সোনাডাঙ্গা থানায় হাজির হন ধর্ষণের অভিযোগ করা সেই তরুণী ও তার মা। পুলিশের জিজ্ঞাসাবাদের পর গণমাধ্যমের কাছে ওই তরুণী দাবি করেছেন, তাকে ধর্ষণ বা অপহরণ করা হয়নি। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় গভীর উদ্বেগ জানাচ্ছে। এক্ষেত্রে রাজনৈতিক ক্ষমতার চূড়ান্ত অপব্যবহার ঘটেছে বলে প্রতীয়মান হচ্ছে, যা আইনের শাসন ও ন্যায়বিচার নিশ্চিতের ক্ষেত্র সংকুচিত করছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে, উক্ত তরুণী (২৪) একটি কলেজের শিক্ষার্থী। প্রাথমিকভাবে তরুণীর পরিবার খুলনার ডুমুরিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সদস্য এজাজ আহমেদের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ করে গণমাধ্যমকে বলেছেন, তারা আইনি ব্যবস্থা নিতে চেয়েছিলেন। এ কারণে ওসিসি থেকে চিকিৎসকের প্রতিবেদন নিতে গিয়েছিলেন। উল্লেখ্য, গণমাধ্যমসূত্রে আরো জানা গেছে, ২৭ জানুয়ারি ২০২৪, শনিবার রাত সোয়া ১১টায় খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের ওসিসিতে ভর্তি হন উক্ত তরুণী। তখন তরুণীর পরিবার চিকিৎসকদের নিকট অভিযোগ করে বলেছেন, ডুমুরিয়া উপজেলার শাহপুরে অবস্থিত উপজেলা চেয়ারম্যান তাঁর ব্যক্তিগত কার্যালয়ে তরুণীকে ধর্ষণ করেছেন। তরুণী এ বিষয়ে থানায় মামলা না করে আদালতের দারস্থ হতে চেয়েছিলেন বলেও গণমাধ্যমসূত্রে জানা যায়। কিন্তু পরবর্তী সময়ে থানায় এসে তরুণীটি জানান তাকে ধর্ষণ বা অপহরণ করা হয়নি।

ফোরামের প্রত্যাশা, প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এক্ষেত্রে যথাযথ দায়িত্ব পালন করবে। একদিন আগে ধর্ষণের অভিযোগ করার পর এভাবে অপহরণের ঘটনা ঘটা এবং সেখান ফিরে এসে নিজের পূর্বের বক্তব্য থেকে সরে আসা; এক্ষেত্রে তরুণী ও তাঁর পরিবারের ওপর কোনো ধরনের চাপ প্রয়োগ করা হয়েছে কিনা এবং প্রভাববিস্তার ও ভয়-ভীতি দেখিয়ে তরুণীর বিচারপ্রাপ্তির অধিকার খর্ব ও আইনের স্বাভাবিক প্রক্রিয়া বাধাগ্রস্ত করা হচ্ছে কি না তা সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তসাপেক্ষে জরুরিভিত্তিতে খতিয়ে দেখার দাবি জানাচ্ছে ফোরাম। একইসাথে তরুণী ও তাঁর পরিবারের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করারও আহ্বান জানাচ্ছে ফোরাম।

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK)

2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: +88-02-810 0192, 810 0195, 810 0197 | HRFB Email: hrfb.20@gmail.com | Website: <https://hrf-bd.org/>

#### Experts:

Dr. Hameeda Hossain, Sultana Kamal and Raja Devasish Roy

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).